



**তেজগাঁও কমিউনিটি সেন্টার আদর্শ
উচ্চ বিদ্যালয়ে এসএসসি ব্যবহারিক
পরীক্ষায় অতিরিক্ত অর্থ আদায় প্রসঙ্গে**

আমি একজন ছাত্রের অভিভাবক।
তেজগাঁও কমিউনিটি সেন্টার আদর্শ
উচ্চ বিদ্যালয়ে মহাখালি মডেল,
মহাখালি টিএসটি এবং মহাখালি
আইপিএইচ-এর ছেলেমেয়েরা বিগত
৫/৬ বছর যাবৎ এসএসসি পরীক্ষা
দিয়ে আসছে। চলতি বছরে আমার
ছেলের ব্যবহারিক পরীক্ষা এই স্কুলে
অনুষ্ঠিত হচ্ছে। আমার ছেলের কাছ
থেকে জানতে পারলাম, প্রতিটি
ব্যবহারিক পরীক্ষার জন্য তাকে ৬০
টাকা হিসাবে স্কুল ফাউন্ডে জমা করতে
হবে। আমার ছেলে আরো জানালো, এ
টাকা জমা না দিলে, তার ব্যবহারিক
পরীক্ষা দিতে অসুবিধা হবে। আমি
অন্য অভিভাবকদের সঙ্গে আলাপ করে
জানতে পারলাম, তারাও উল্লিখিত
পরিমাণ অর্থ স্কুল ফাউন্ডে জমা
করেছেন। আমরা ছাত্রদের পরীক্ষার
ফরম পূরণের সময় বোর্ড কর্তৃক
নির্ধারিত সমুদয় অর্থ জমা করেছি।
তারপর আবার কেন এই অর্থ দিতে
হবে?

আমি জানতে পেরেছি, চলতি বছর
এই স্কুলে আনুমানিক ২০০ জন
ছাত্রছাত্রী ব্যবহারিক পরীক্ষায়
অংশগ্রহণ করছে। প্রত্যেকের কাছ
থেকে ৬০ টাকা হিসাবে মোট ৪টি
বিষয়ে ব্যবহারিক পরীক্ষা বাবদ আয়
হবে প্রায় ৪৮ হাজার টাকা। এই বিপুল
পরিমাণ অর্থ স্কুল কর্তৃপক্ষ কোন ষাতে
জমা করবে তা আমার বোধগম্য নয়।
স্কুলের নির্বাচিত ম্যানেজিং কমিটির
সদস্যগণ কি এ ব্যাপারে অবগত
আছেন?

আমি অন্যান্য অভিভাবকদের সঙ্গে
আলাপ করে জানতে পেরেছি, এ
বছরের মতো এতো অনিয়ম বিগত
বছরগুলোতে পরিলক্ষিত হয়নি। আমি
আরো জানতে পেরেছি, যার নির্দেশে
এই অতিরিক্ত টাকা আদায় করা হচ্ছে
তিনি বর্তমানে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক
হিসেবে দায়িত্ব পালন করছেন।
আমাদের ছেলেমেয়েরা এরূপ
শিক্ষকের সংস্পর্শে থেকে স ও সুস্থ
শিক্ষা থেকে বঞ্চিত হবে।

আমি মাননীয় শিক্ষামন্ত্রী ও টাকা
বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের কাছে
উল্লিখিত ঘটনার তদন্তসহ প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

মোঃ আব্দুল জলিল
৩৭২/২, পশ্চিম নাথালপাড়া
ঢাকা।